

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রীর নিকট রাশান ফেডারেশনের ROSATOM কর্তৃক প্রদত্ত For Contribution Development of Nuclear Industry মেডেল এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনকে প্রদত্ত Development of Human capital ক্যাটাগরির বিশেষ সনদ হস্তান্তর

ঢাকা ২৮ মে ২০১৯:


মাননীয় প্রধানমন্ত্রীর নিকট গতকাল ঢাকায় তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকের আগে রাশান ফেডারেশনের ROSATOM কর্তৃক প্রদত্ত For Contribution Development of Nuclear Industry মেডেল এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনকে প্রদত্ত Development of Human capital ক্যাটাগরির বিশেষ সনদ হস্তান্তর করেন মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান। গতকাল সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হয়।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণপ্রকল্প বাস্তবায়নের জন্য রাশিয়া থেকে পুরস্কার পেয়েছে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন। পুরস্কৃত হয়েছেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান। গত ১৫-১৬ এপ্রিল রাশিয়ান ফেডারেশনে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল ফোরাম অ্যাটোমেঞ্জপোতে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমানকে পুরস্কৃত করে রাশিয়ার স্টেট অ্যাটোমিক এনার্জি করপোরেশন। এ ছাড়া বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনকে বিশেষ সনদ প্রদান করা হয়।

XI International Forum Atomexpo-2019-এ বিশ্বের মোট ৭৬টি দেশ এবং International Atomic Energy Agency (IAEA) অংশগ্রহণ করে। উক্ত ফোরামে পারমাণবিক প্রযুক্তির মাধ্যমে টেকসই ও পরিবেশ বান্ধব জ্বালানি উৎপাদনের প্রাসঙ্গিক বিষয়াদি নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। তাছাড়া, পারমাণবিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জলবায়ু পরিবর্তন, বিজ্ঞান, শিক্ষা, চিকিৎসা ও কৃষি উন্নয়নের মাধ্যমে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনের বিষয়ে বিভিন্ন দেশের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। এ ছাড়াও ফোরাম চলাকালীন ১৪ এপ্রিল ২০১৯ তারিখ একটি Traditional Sailing Cup (Business Regatta) এবং ১৫ এপ্রিল ২০১৯ তারিখে পারমাণবিক ক্ষেত্র উন্নয়নে অবদান রাখার স্বীকৃতি পদক Atomexpo Awards Ceremony অনুষ্ঠিত হয়।

উক্ত Forum-এ আর্জেন্টিনা, বাংলাদেশ, চীন, আমেরিকা, জার্মানি, ভারত, তুরস্কসহ মোট ৭৬টি দেশ এবং International Atomic Energy Agency (IAEA) অংশগ্রহণ করে। Forum-এ পারমাণবিক শক্তি শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য রাশান ফেডারেশনের State Atomic Energy Corporation (ROSATOM) কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান-কে “For contribution in development of Nuclear Industry” শীর্ষক সম্মানসূচক পদক প্রদান করা হয়। রাশান ফেডারেশনের ১২ এপ্রিল ২০১৯ তারিখের order no. 1/124-LS নোটিফিকেশনের বলে ROSATOM-এর সম্মানিত মহাপরিচালক Mr. Alexey Likhachev উক্ত সম্মানসূচক পদকটি হস্তান্তর করেন।

প্রসঙ্গত, The Russian Federation State Atomic Energy Corporation (ROSATOM) প্রতিবছর আন্তর্জাতিক পারমাণবিক অঞ্জে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য সম্মাননা সনদ প্রদান করে থাকে। এটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত পেশাদার সম্মানসূচক পুরস্কার যা আন্তর্জাতিক অঞ্জে পরমাণু শক্তির উন্নয়ন ও ব্যবহারের মাধ্যমে মানবজাতির উন্নয়নে অবদান রাখার স্বীকৃতি স্বরূপ প্রদান করা হয়ে থাকে। উক্ত পাঁচটি বিভাগে সম্মাননার জন্য আর্জেন্টিনা, বাংলাদেশ, বলিভিয়া, চীন, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, মিশর, ফ্রান্স, জার্মানি, হাঙ্গেরি, ভারত, ইন্দোনেশিয়া, জাপান, কেনিয়া, মঙ্গোলিয়া, মরক্কো, ফিলিপাইন, কোরিয়া, রাশিয়া, স্পেন, তুরস্ক, মার্কিন যুক্তরাষ্ট্র, উজবেকিস্তান ও জাম্বিয়াসহ ২৫টি দেশের ১৭টি প্রকল্প মূল্যায়ন করা হয়। আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা (আইএইএ) এবং ক্রস-আঞ্চলিক প্রকল্পগুলিও এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিশ্বব্যাপী পারমাণবিক বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত একটি আন্তর্জাতিক পেশাদার প্যানেল ৫২টি প্রকল্পের মধ্যে ১৭ টি প্রকল্প চূড়ান্ত সম্মাননা প্রাপ্তির বিবেচনার জন্য সুপারিশ করে। চূড়ান্তকৃত ১৭টি প্রকল্প হতে সেরা পাঁচটি প্রকল্পকে সম্মাননা প্রদানের জন্য নির্বাচিত করা হয়।



(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১